# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি- চতুর্থ**

**বিষয়- গণিত**

একক :- বছর-মাস-দিন (পরিণত)

১।সময় পরিমাপের দুটি একক লেখো ।
উ:-ঘন্টা, মিনিট ।

২।এই এককদুটির সাহায্যে একটি মিশ্ররাশি গঠন করো।
উ:-৫ঘন্টা ১৫ মিনিট ।

৩।বড়ো একক থেকে ছোটো এককে পরিণত করতে কী করি?
উ:-গুণ করি।

৪।i)ঘন্টা থেকে মিনিটে পরিণত করতে কী করি?
উ:-৬০ দিয়ে গুণ করি।
ii)মিনিট থেকে সেকেন্ডে যেতে কী করি?
উ:-৬০দিয়ে গুণ করি।

৫।বছর, মাস, দিন, পক্ষ,সপ্তাহ, ঘন্টা, মিনিট, সেকেন্ড-এগুলি কীসের একক? কেন?
উ:- এগুলি সময় পরিমাপের একক,কারণ এই এককগুলির সাহায্যে সময় পরিমাপ করা যায় ।

৬।সময় পরিমাপের একক:

÷ < --------------------------------------> ×

বছর মাস দিন ঘন্টা মিনিট সেকেন্ড

|<--------১২--||<-----৩০---||<---২৪----||<-৬০--||<---৬০—|

|-------------|

৩৬৫

[আমরা জানি,বড়ো একক থেকে ছোটো এককে যেতে হলে গুণ করতে হয়। ছোটো একক থেকে বড়ো এককে যেতে হলে ভাগ করতে হয়।]

i)বছর থেকে মাসে পরিণত করতে ১২ দিয়ে গুণ করতে হবে ,কারণ ১বছর =১২মাস।

ii)বছর থেকে দিনে পরিণত করতে ৩৬৫ দিয়ে গুণ করতে হবে ,কারণ ১বছর =৩৬৫দিন ।

iii)মাস থেকে দিনে পরিণত করতে ৩০দিয়ে গুণ করতে হবে, কারণ ১মাস=৩০দিন ।

৭।ক) ১মাস ২দিন =(৩০+২)দিন = ৩২দিন ।

খ)১বছর ২দিন =(৩৬৫+২)দিন = ৩৬৭দিন ।

গ)২বছর ৩মাস ১২দিন =কত দিন?

উ:- ২বছর=(২×৩৬৫)দিন =৭৩০দিন

৩মাস =(৩×৩০)দিন = ৯০দিন

১২দিন = + ১২দিন

৮৩২দিন

উ:–২বছর ৩মাস ১২দিন =৮৩২দিন ।

ঘ)৩বছর ৫মাস ৭দিন =কত দিন?(নিজে করো)

ঙ)১০বছর ২১দিন =কত দিন?(নিজে করো)

চ)৫বছর ৯মাস =কত দিন?(নিজে করো)

ছ)৭বছর ৯মাস ১৫দিন =কত দিন?(নিজে করো)

জ)৪বছর ৪মাস ২১ দিন =কত দিন?(নিজে করো)

৮।ছোটো একক থেকে বড়ো এককে পরিণত করতে কী করি?
উ:–ভাগ করি।

৯।মিনিট থেকে ঘন্টায় পরিণত করতে কী করি ?
উ:–৬০ দিয়ে ভাগ করি।

১০।i)মাস থেকে বছরে পরিণত করতে ১২ দিয়ে ভাগ করি, কারণ ১২মাসে ১বছর ।

ii)দিন থেকে বছরে পরিণত করতে ৩৬৫ দিয়ে ভাগ করি,কারণ ৩৬৫ দিনে ১ বছর ।

iii)দিন থেকে মাসে পরিণত করতে ৩০দিয়ে ভাগ করি, কারণ ৩০দিনে ১মাস ।

১১।ক) ৩০দিন =কত মাস? (নিজে করো)

খ)৬০ দিন =কত মাস?

উ:–(৬০দিন ÷৩০) =২মাস।

গ)৬৭দিন = কত মাস কত দিন?

```
          ২মাস
        ________
   ৩০ ) ৬৭দিন
      -  ৬০
       ________
          ৭দিন
```

উ:– ৬৭দিন =২মাস ৭দিন ।

ঘ)৩৬৫দিন =কত বছর?নিজে করো)

ঙ)৭৩০দিন =কত বছর?

উ:-(৭৩০দিন ÷৩৬৫)=২বছর ।

চ)৭৩২দিন =কত বছর কত দিন?

২বছর

৩৬৫)৭৩২দিন

-৭৩০

২ দিন

উ:-৭৩২দিন =২বছর ২দিন ।

ছ)৮২৪দিন =কত বছর কত মাস কত দিন?

২বছর

৩৬৫)৮২৪দিন

-৭৩০

৯৪দিন

৩মাস

৩০)৯৪দিন

- ৯০

৪দিন

উ:-৮২৪দিন =২বছর ৩মাস ৪দিন ।

জ)৩৭০দিন =কত বছর কত দিন?(নিজে করো)

ঝ)২৫৮দিন =কত মাস কত দিন?(নিজে করো)

ঞ)৭০০৫দিন =কত বছর কত মাস কত দিন?(নিজে করো)

ট)৭৮৯দিন =কত বছর কত মাস কত দিন? (নিজে করো)

ঠ)২১৫দিন =কত মাস কত দিন? (নিজে করো)

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**

SRAI